

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.১৮১.২৭.০৫৯১.২৩ / ১৭৫ ২০

তারিখ: ১১/২০২৫ খ্রি।

বিষয়: কুড়িগ্রাম জেলার রৌমারী থানাধীন রৌমারী মৌজায় 'মেসার্স বয়েজ উদ্দিন অটোগ্যাস এন্ড ফিলিং স্টেশন' নামক এলপিগ্যাস অটোগ্যাস ফিলিং স্টেশনের নকশা অনুমোদন বাতিল প্রসঙ্গে।

সূত্র: ১। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম এর স্মারক নং ০৫.৪৭.৪৯.৭৯.০০০.০২.০২৯.২৪-১১৭১; তারিখ: ০৯/১১/২০২৫ খ্রি।

২। বিস্ফোরক পরিদপ্তর, ঢাকার স্মারক নং ১৮১-২(ঙ)-০৫৯১/৫৮১১; তারিখ: ৩১/০৭/২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকার স্মারক নং ১৮১-২(ঙ)-০৫৯১/৫৮১১; তারিখ: ৩১/০৭/২০২৪ খ্রি. এর মাধ্যমে আলোচ্য অটোগ্যাস স্টেশনের নকশা অনুমোদন করা হয়। উক্ত অনুমোদনের ২ নং শর্ত ভঙ্গ করে ৩১/১০/২০২৫ তারিখে লাইসেন্স ব্যতীত প্রাঙ্গণে স্থাপিত গ্যাসাধারে এলপিগ্যাস মজুদসহ যানবাহনে সরবরাহ করা হয়। যা এলপিগ্যাস বিধিমালা, ২০০৪ এর বিধি ৬৯(১) অনুসারে বিধি বহির্ভূত অবৈধ কাজ। উল্লেখ্য, আলোচ্য অটোগ্যাস স্টেশনে গত ০৭/১১/২০২৫ তারিখ রাত ৮:৪০ ঘটিকায় গ্যাসাধারের পাম্প ও মোটরের সংযোগ স্থলে অয়েল সেল ফেটে গ্যাস বিস্ফোরণের ফলে জননিরাপত্তার প্রতি হুমকি সৃষ্টি করায় অটোগ্যাস স্টেশনের সকল কার্যক্রম স্থগিতের জন্য সীলগালা করা হয়।

এমতাবস্থায়, অবৈধ কার্যক্রমে জড়িত থাকার দায়ে ইতঃপূর্বে এ দপ্তরের অনুমোদিত নকশা নং ১৮১-২(ঙ)-০৫৯১/৫৮১১; তারিখ: ৩১/০৭/২০২৪ খ্রি. নির্দেশক্রমে বাতিল করা হলো।

(মোঃ তোফাজ্জল হোসেন)
বিস্ফোরক পরিদর্শক, ঢাকা
ফোন: ০২৮৩৯২৫৯৪

✓ মেসার্স বয়েজ উদ্দিন অটোগ্যাস এন্ড ফিলিং স্টেশন

প্রাঃ মোঃ শহিদুল ইসলাম শালু

মৌজা: রৌমারী, থানা: রৌমারী, জেলা: কুড়িগ্রাম।

স্মারক নম্বর: ২৮.০৮.০০০০.০০০.১৮১.২৭.০৫৯১.২৩

তারিখ: ১১/২০২৫ খ্রি।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৩। পুলিশ সুপার, কুড়িগ্রাম।

৪। উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।

৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রৌমারী থানা, কুড়িগ্রাম।

৬। বিস্ফোরক পরিদর্শক, রংপুর।

৭। সভাপতি, LOAB (LPG Operators Association of Bangladesh), বেভারলি হিলস (৫-ফ্ল্যাট বি), ৯৮বি, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-১২১২।

৮। ব্যবস্থাপনা পরিচালক, ওমেরা পেট্রোলিয়াম লিঃ, মবিল হাউজ, সিডব্লিউএস(এ), ১৩/এ, গুলশান এভিনিউ, ঢাকা। [লাইসেন্সবিহীন প্রতিষ্ঠান 'মেসার্স বয়েজ উদ্দিন অটোগ্যাস এন্ড ফিলিং স্টেশন'-কে এলপিগ্যাস সরবরাহ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো]।

(মোঃ তোফাজ্জল হোসেন)
বিস্ফোরক পরিদর্শক, ঢাকা

-১৪-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রৌমারী, কুড়িগ্রাম
www.rowmari.kurigram.gov.bd


স্মারক নং-০৫.৪৭.৪৯৭৯.০০০.০২.০২৯.২৪-১১৭১


তারিখ : ২৪ কার্তিক ১৪৩২
০৯ নভেম্বর ২০২৫


“নোটিশ”

এতদ্বারা সর্বসাধারণের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, অত্র রৌমারী উপজেলার থানা মোড় সংলগ্ন রৌমারী মৌজায় মেসার্স বয়েজ উদ্দিন অটো গ্যাস এন্ড ফিলিং স্টেশন নামক এলপিগি অটো গ্যাস স্টেশন স্থাপনের জন্য বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা এর স্মারক নম্বর ১৮১-২(ঙ)-৫৯১, তারিখ : ৩১/০৭/২০২৪খ্রি. এর মাধ্যমে প্রাথমিক নকশা অনুমোদন করা হয়। উল্লেখ, প্রস্তাবিত স্থানে মাটি ভরাট, অফিস ও অন্যান্য স্থাপনা নির্মাণ, কক্ষ নির্মাণসহ গ্যাসাধার ও ডিসপেনসিং ইউনিট স্থাপনের জন্য প্রাথমিক নকশা অনুমোদন প্রদান করা হয় এবং উক্ত গ্যাসাধারে এলপিগি মজুদসহ মোটরযানে এলপিগি সরবরাহ না করার জন্য শর্ত আরোপ করা হয়। উক্ত শর্ত অমান্য করে প্রাপ্ত স্থাপিত গ্যাসাধারে ৩১/১০/২০২৫ তারিখে এলপিগি মজুদসহ মোটরযানে এলপিগি ভর্তি কার্যক্রম শুরু করে। গত ০৭/১১/২০২৫ তারিখ রাত ৮:৪০ ঘটিকায় গ্যাসাধারের পাম্প ও মোটরের সংযোগ স্থলের অয়েল সেল ফেটে গ্যাস বিস্ফোরণ হয় এবং এলাকায় জনগনের মধ্যে ভীতি ও আতঙ্ক সৃষ্টি হয়।

বিস্ফোরক পরিদপ্তরের প্রাথমিক নকশা অনুমোদনপত্রে উল্লেখিত শর্ত ভঙ্গ এবং লাইসেন্স গ্রহণ না করেই গ্যাসাধারে এলপিগি মজুদসহ মোটরযানে এলপিগি সরবরাহের কারণে অটোগ্যাস স্টেশনের সকল কার্যক্রম হ্রাসিতের জন্য সীলগালা করা হলো।


(অশোক কুমার দাস)
সহকারী বিস্ফোরক পরিদর্শক
বিস্ফোরক পরিদর্শক, রংপুর এর পক্ষে
ফোন : ০২৫৮৮৮০৯৩৪৩


(মোঃ সেলিম মালিক)
অফিসার ইনচার্জ
রৌমারী থানা, কুড়িগ্রাম


(সায়েকুল হাসান বান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
রৌমারী, কুড়িগ্রাম
ফোন : ০৫৮২৮-৫৬০০১